দৈনিক সংবাদ

তারিখ 06 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ১


জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# আজ শিক্ষকদের প্রতীক ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ৫ই জানুয়ারি।– গত রোববার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও পদার্থ বিজ্ঞান ভবনে সৃষ্ট অপ্রীতিকর ঘটনার প্রতিবাদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি কাল বুধবার পূর্ণদিবস প্রতীক ধর্মঘট (পরীক্ষা বাদে) পালন করবে।

অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভায় আজ মঙ্গলবার এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় গত রোববার কতিপয় উচ্ছৃঙ্খল ছাত্র কর্তৃক সশস্ত্র অবস্থায় কলাভবন ও পদার্থ বিজ্ঞান ভবনে পরীক্ষা চলাকালীন সময়ে জোরপূর্বক প্রবেশ, পরীক্ষার্থীদের হল থেকে বের করে দেয়া, প্রশ্ন ও উত্তরপত্র ছিঁড়ে ফেলা, শিক্ষকদের সাথে অশোভন আচরণ, ক্যাম্পাসের গেট বন্ধ করে শিক্ষকদের আটক করার ঘটনায় শিক্ষক সমিতি তাদের সভায় ক্ষোভ প্রকাশ করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। এরূপ ঘটনা ঘটতে পারে বলে অবহিত থাকা সত্ত্বেও উপাচার্য কোন সতর্কতামূলক ব্যবস্থা না নিয়ে নির্বিকার থাকায় শিক্ষক সমিতি ক্ষোভ প্রকাশ করেছে।